

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## আবশ্যিক

এই বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল অনুষদ অফিসের প্রশাসনিক অফিসার-এর ১(এক) টি স্থায়ী শূন্য পদ (বেতন স্কেল ৬ঃ ১১০০০-২০৩৭০/-) অভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে পূরণের নিমিত্তে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

**প্রশাসনিক অফিসার-এর নির্ধারিত যোগ্যতা :-** সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর ডিগ্রী এবং কোনো প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে অফিসার পদে ১ বৎসরের অভিজ্ঞতা/ প্রধান সহকারী পদে ৪ বৎসরের অভিজ্ঞতা/উচ্চমান সহকারী বা সমমান বা তদূর্ধ পর্যায়ের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা সকল পর্যায়ে ২য় শ্রেণী/বিভাগসহ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী হইতে হইবে।

### সকলের জন্য প্রয়োজ্যঃ-

এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসে প্রাপ্ত নির্ধারিত ফরমে (সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক) রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র (REG-2-এ ১০ সেট) জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ১ কপি সত্যায়িত ছবি এবং প্রত্যেক সেটের সাথে সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়াল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রীধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়ালিভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম REG-2 এবং কর্মকর্তা পদের Q.T এই বিশ্ববিদ্যালয়ের Web Site- (www.buet.ac.bd/regoffice/) হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ : ৩০/১২/২০১৫

স্বাক্ষর/-

(প্রফেসর ডঃ এন.এম. গোলাম জাকারিয়া)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/২৮৪৯৫/রে-৩৯৫৬(৬০)

তারিখঃ ১৩/১২/২০১৫

### বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :-

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।